

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



অতি জরুরি

স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬- ০০৭

তারিখ: ০৫ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘোষিত 'মুজিববর্ষ'-এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যৎ করণীয় সংক্রান্ত।


সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২১-১৩, তারিখ: ১১-০১-২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে গত ০৬ জানুয়ারি, ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘোষিত 'মুজিববর্ষ'-এ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যৎ করণীয় সংক্রান্ত পর্যালোচনা সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

“বিগত পঞ্চাশ বছরে বাংলাদেশের সফল উন্নয়ন-অভিযাত্রায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন, তাঁর উদ্যোগসমূহ এবং এর উপর ভিত্তি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত কার্যক্রম দেশে ও আন্তর্জাতিক পরিমন্ডলে কার্যকরভাবে উপস্থাপন করা হবে”।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কর্মসূচী/কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক আগামী ২১-০১-২০২১ তারিখ বৃহস্পতিবারের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে (সফট কপি ও হার্ড কপি) আবশ্যিকভাবে বিনা ব্যর্থতায় প্রেরণের জন্য এবং এ বিষয়ে প্রত্যেক অধিদপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নপূর্বক (নাম, পদবি, মোবাইল, ই-মেইল) জরুরিভিত্তিতে এ বিভাগের প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্তি: বর্ণনামতে,

  
০৭/০১/২০২১  
(জাকিয়া পারভীন)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭৯৮৫  
admin1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৬. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।